২০২৬

# বাংলা

[স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)]

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-204

(প্রতিবেদন, বিজ্ঞাপন, নির্মাণ, অনুবাদ, আই.পি.এ.)

[NEP-2020]

পূর্ণমান : ৩৫ সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫

ক) প্রতিবেদনের প্রধান কয়টি অংশ ও কী কী?

খ) প্রতিবেদন কত রকম হতে পারে?

গ) বিজ্ঞাপনের মূল কাজ কী?

ঘ) কোন বিজ্ঞাপন মাধ্যমটি সাধারণত উচ্চ দৃশ্যমান প্রভাবের সাথে যুক্ত?

ঙ) অনুবাদের প্রতিশব্দ 'Translation' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

চ) IPA-এর বাংলা অর্থ কী?

ছ) IPA বাংলা ভাষায় কেন ব্যবহৃত হয়?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) নিম্নলিখিত ইংরেজি অনুচ্ছেদটির বঙ্গানুবাদ কর :

Student life is the stage of preparation for future. This is the most important period of life. A student is young today. But he will be a man tomorrow.

[পরের পাতায়]

He has different duties. He should perform them well. As a student, his first duty is to study and learn. He should be careful to his lesson.

খ) বিজ্ঞাপন কত ধরনের ও কী কী? ব্যবসায়িক ও অব্যবসায়িক বিজ্ঞাপনের মধ্যে পার্থক্য কোথায়?

গ) আইপিএতে রূপান্তরিত করার নিয়মাবলী লেখো।

ঘ) প্রতিবেদন ও প্রতিবেদক কাকে বলে? প্রতিবেদন রচনা করতে গেলে কোন্ কোন্ বিষয়ে নজর দেওয়া প্রয়োজন?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করো :

Last winter, I had the opportunity to visit a famous historical place in India. The place was the Taj Mahal, situated in Agra. It is one of the most beautiful monuments in the world and attracts thousands of visitors every year. Built by the Mughal Emperor Shah Jahan in memory of his beloved wife Mumtaz Mahal, the Taj Mahal is a symbol of eternal love. As I entered the premises, I was amazed by its magnificent white marble structure, intricate carvings and perfectly maintained gardens. The reflection of the monument in the long water channel created a breath taking view. The peaceful atmosphere of the place made the visit even more enjoyable. I also learned a great deal about Mughal architecture and Indian history from the guide who accompanied us.



খ) নিম্নলিখিত উদ্ধৃতিটিকে আই.পি.এ.-তে লিপ্যন্তর করো :

একটি দেশ, একটি জাতির অগ্রগতির মূল চালিকা শক্তি হলো শিক্ষা। এই বিবেচনায় বলা হয়, "শিক্ষাই জাতির মেরুদণ্ড"। অর্থাৎ একজন মানুষ যেমনি মেরুদণ্ড সোজা করে স্থির দাঁড়াতে পারেন, ঠিক তেমনি একটি জাতির ভিত্তিমূল, উন্নয়ন, অগ্রগতি এবং সামনের দিকে এগিয়ে যাওয়া নির্ভর করে তার শিক্ষার উপর। যে জাতি যত বেশি শিক্ষিত, সে জাতি তত বেশি উন্নত, সভ্য এবং অগ্রসর। একজন মানুষকে প্রকৃত মানবিক ও সামাজিক গুণাবলী সম্পন্ন ব্যক্তি হতে শিক্ষার কোনো বিকল্প নেই।

গ) রক্তদানকে ভিত্তি করে জনকল্যাণমূলক একটি বিজ্ঞাপনের খসড়া তৈরি করো।

ঘ) "ব্যস্ত জীবনধারায় ফাস্টফুড খাওয়ার প্রবণতা" — এই বিষয়ের উপরে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি প্রতিবেদন রচনা করো।

---